# Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 10 May, 2025

ভারত সীমান্ত ঘেঁষা শেরপুরের ঝিনাইগাতী উপজেলার গারো পাহাড়ে অভিযান চালিয়ে ভারতীয় আটটি ব্যারে ১ হাজার ৩৮৬ বোতল মদ উদ্ধার করেছে পুলিশ।শনিবার (১০ মে) ভোর পাঁচটার দিকে উপজেলার নলকুড়া ইউনিয়নের সন্ধ্যাকুড়া রাবার বাগান এলাকায় এ অভিযান চালানো হয়।

তবে মাদক চোরাকারবারীদের কাউকে আটক করা যায়নি।থানা পুলিশ সূত্রে জানা গেছে, শনিবার ভোর পাঁচটার দিকে সন্ধ্যাকুড়া রাবার বাগান এলাকায় মদ পাচারের গোপন সংবাদ পেয়ে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় প্রায় ৪০ লাখ টাকা মূল্যের ভারতীয় আটটি ব্যার ১ হাজার ৩৮৬ বোতল মদ জব্দ করা হয়।তবে অভিযান পরিচালনাকালীন চোরাকারবারীরা পুলিশ সদস্যদের উপস্থিতি টের পেয়ে দৌড়ে পালিয়ে যায়।কাউকে আটক করা সম্ভব হয়নি।

ঝিনাইগাতী থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আল-আমীন বলেন, এ ঘটনায় আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা প্রক্রিয়াধীন।

শেরপুর ভারত গারো পাহাড়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:23

URL: https://www.timestodaybd.com/across-the-country/2234775807